

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।


স্মারক নং- ৪১.০১.৪৪১৯.০০০.০২০.১৬.২০১৫-১৫

তারিখ : ১৩/০৭/২০২১ খ্রিঃ।

এতদ্বারা আপনাকে জানানো যাচ্ছে যে, আপনি উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির একজন সম্মানিত সদস্য হওয়ায় আগামী ২৩/০৭/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয় সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির সভা আহবান করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত হয়ে বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সম্পর্কে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধ করছি।

প্রাপক : .....

  
১৩/০৭/২০২১  
সদস্যসচিব

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা সমাজসেবা কর্মকর্তা  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

উপজেলা পরিষদ কার্যালয়  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : তহুরা খাতুন  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর কার্যালয়  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।  
সভার তারিখ : ২৩/০৭/২০২২ খ্রিঃ।  
সভার সময় : ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর : হাজিরা দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। চেয়ারম্যান, পাগলাকানাই ইউপি, ঝিনাইদহ সদর বলেন বর্তমান সরকার গুরুত্বপূর্ণ কার্যক্রম পর্যালোচনার জন্য এই স্থায়ী কমিটি দেশ জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

০১। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, এলাকা ভিত্তিক বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ করার ব্যাপারে তিনি সকল সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান, মহারাজপুর ইউপি, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ সভাকে জানান যে এটি করা খুবই গুরুত্বপূর্ণ এবং প্রত্যেক ইউনিয়ন পর্যায়ে থেকে আমরা জনপ্রতিনিধিরা নিজ নিজ এলাকায় ঘুরে ফিরে বাজারের নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য কোন পর্যায়ে আছে সেটা পর্যবেক্ষণ করার কাজ চলমান আছে। প্রত্যেক এলাকার নির্বাচিত জনপ্রতিনিধি তাদের স্ব স্ব এলাকার সমস্ত বাজার ঘুরে তারা তাদের নিজ নিজ দায়িত্ব অনুযায়ী বিভিন্ন স্থানে বিভিন্ন রকম সভা সমাবেশের মাধ্যমে প্রয়োজনে উক্ত ইউনিয়নের ট্যাগ অফিসারের সহায়তা নিয়ে প্রচারনা করার ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেন। স্থানীয় বাজারে ক্রেতার সঠিক ভাবে তাদের ভোগ্যপন্য ঠিকমত সঠিক দামে ক্রয় এবং বিক্রিত পন্যের সঠিক দাম পাচ্ছে কিনা সে বিষয়ে ঝিনাইদহ সদর উপজেলার সকল ইউনিয়ন পরিষদ সমূহের চেয়ারম্যান সাহেব গণের নিকট পত্র প্রেরণ করা যেতে পারে। এসব ক্ষেত্রে কোন প্রকার অসুবিধা দেখা দিলে উপজেলা সমাজসেবা অফিসারের সাহায্য গ্রহণ করার ব্যাপারে আলোচনা হয়। নিজ নিজ দায়িত্ব অনুযায়ী কাজ সভা সমাবেশ ছাড়াও অন্যভাবেও উক্ত প্রচেষ্টা অব্যাহত রাখা হবে মর্মে আলোচনা হয়।

সিদ্ধান্ত : উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণের ক্ষেত্রে এবং উক্ত বিষয়ের উপর সঠিক প্রচার পচারণার সাথে এ সংক্রান্ত বিষয় পরামর্শের জন্য সর্ব সম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

০২। বিভিন্ন বাজারের সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দের সহিত স্ব স্ব ইউপি চেয়ারম্যান গণ এ সংক্রান্ত বিষয়ে অবহিত করবেন। যার জন্য স্ব স্ব চেয়ারম্যান গণকে সভার কার্যবিবরণী অনুযায়ী কাজ করা জন্য অনুরোধ জানানো হবে মর্মে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সভাপতি ও সাধারণ সম্পাদক গণকে সভার কার্যবিবরণী প্রেরণ করা হবে মর্মে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।



সভাপতি





বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা ভাইস চেয়ারম্যান  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি, ঝিনাইদহ সদর,  
ঝিনাইদহ এর সভায় উপস্থিতি :

সভাপতি : জনাব মোঃ রাশিদুর রহমান রাসেল      সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।  
ভাইস চেয়ারম্যান      সভার তারিখ : ২৬/০৭/২০২০ খ্রিঃ।  
উপজেলা পরিষদ      সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

ক্রমিক নং	পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।		
০২।	চেয়ারম্যান সাধুহাটি ইউনিয়ন পরিষদ ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।		
০৩।	চেয়ারম্যান পদ্মাকর ইউনিয়ন পরিষদ ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।		
০৪।	চেয়ারম্যান হরিশংকরপুর ইউনিয়ন পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।		
০৫।	উপজেলা সমাজসেবা অফিসার ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।	